

কোঅপারেটিভ শিক্ষা

ছাত্রদের ব্যক্তিগত শেখার ধরন অনুযায়ী এবং আগ্রহ পূরণ করতে সাহায্য করার জন্য অন্টারিওর সেকেন্ডারি স্কুলগুলি স্টুডেন্ট সাক্সেস উদ্যোগের মাধ্যমে প্রসারিত কর্মসূচী প্রদান করছে। এই কর্মসূচীগুলি ছাত্রদের বিভিন্ন ধরনের নতুন এবং উন্নত শিক্ষার বিকল্পের মাধ্যমে তাদের হাই স্কুলের অভিজ্ঞতাকে নিজের প্রয়োজনোপযোগী করে তোলার সুযোগ দেয়। এই বিকল্পগুলির মধ্যে অন্তর্ভুক্ত আছে ডুয়াল ক্রেডিট, স্পেশালিস্ট হাই স্কিলস মেজর এবং কো-অপারেটিভ শিক্ষা।

এই কর্মসূচীগুলি ছাত্রদের শিক্ষালাভে যুক্ত ক'রে এবং গ্রেজুয়েশন ও তার পরবর্তী সময়ের জন্য আরও ভালভাবে প্রস্তুত ক'রে সমস্ত ছাত্রদের প্রয়োজন, আগ্রহ ও ক্ষমতাকে পূরণ করতে সাহায্য করে।

কোঅপারেটিভ শিক্ষা (কো-অপ) কী?

- কোঅপারেটিভ শিক্ষা হল মন্ত্রণালয় দ্বারা অনুমোদিত একটি প্রোগ্রাম যা ছাত্রদের একটি ওয়ার্ক প্লেসমেন্ট সম্পূর্ণ করার সাথে সাথে সেকেন্ডারি স্কুলের ক্রেডিট অর্জনের সুযোগ দেয়। একজন কোঅপারেটিভ শিক্ষার শিক্ষকের নজরদারীর অধীনে একটি কো-অপ কোর্স, যে কোনও বিষয়ের একটি সম্পর্কযুক্ত পাঠক্রমের কোর্স এবং ওয়ার্ক প্লেসমেন্ট নিয়ে এই প্রোগ্রামটি গঠিত হয়।
- ছাত্ররা তাদের বাধ্যতামূলক হাই স্কুল গ্রেজুয়েশনের আবশ্যিকতাগুলির জন্য দুটি কো-অপ ক্রেডিট প্রয়োগ করতে পারে, এবং ঐচ্ছিক কো-অপ ক্রেডিট অর্জনের কোনও সীমা নেই। ছাত্রদের সেকেন্ডারি স্কুল তাদের জন্য কো-অপ প্লেসমেন্টের ব্যবস্থা করে এবং শিক্ষা মন্ত্রণালয়ের নীতি ও নির্দেশিকাগুলি অবশ্যই অনুসরণ করতে হয়।

এটা কাদের জন্য?

- কো-অপ প্রোগ্রামগুলি সেই সব সেকেন্ডারি ছাত্রদের জন্য যারা শিক্ষানবিশি, কলেজ, বিশ্ববিদ্যালয় বা কর্মক্ষেত্রের দিকে এগোচ্ছে।

কো-অপ প্রোগ্রামগুলির প্রধান সুবিধা

কো-অপ ছাত্ররা নিম্নলিখিত সুযোগগুলি পায়:

- হাতেকলমে শেখার অভিজ্ঞতা
- নিজের অভিজ্ঞতার মাধ্যমে কর্মজীবনের বিকল্পগুলিকে জানা
- তাদের ক্লাসরুমের শিক্ষার প্রাসঙ্গিকতা দেখা
- কর্মস্থলের অভিজ্ঞতার মাধ্যমে ক্রেডিট অর্জন করা
- কর্মস্থলে আবশ্যিক জরুরি দক্ষতা ও অভ্যাসগুলির বিকাশ করা
- মূল্যবান কাজের অভিজ্ঞতা অর্জন করা যা তাদের পোস্টসেকেন্ডারি প্রোগ্রামগুলির জন্য এবং ভবিষ্যতের নিয়োগের জন্য জীবনপঞ্জী তৈরি করতে সাহায্য করবে

কো-অপ প্রোগ্রামগুলি কোথায় প্রদান করা হয়? আমি কীভাবে আরও বেশি তথ্য জানতে পারি?

- অন্টারিওর সমস্ত স্কুল বোর্ড কো-অপ প্রোগ্রাম প্রদান করে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার স্কুলের অধ্যক্ষ অথবা স্কুল বোর্ডের স্টুডেন্ট সাক্সেস লীডারের সঙ্গে যোগাযোগ করুন। কোঅপারেটিভ শিক্ষা সম্বন্ধে আরও বিশদ তথ্য পাওয়া যায়:

www.ontario.ca/studentssuccess এ.